তারিখ 25 MAY 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# এইচএসসির প্রশ্ন ফাঁসের তদন্ত শুরু

স্টাফ রিপোর্টার ॥ ফেসবুক ও ভাইবারে চলমান এইচএসসি পরীক্ষায় প্রশ্ন ফাঁস নিয়ে জনকণ্ঠ পত্রিকায় প্রতিবেদন প্রকাশের পর এবার ঘটনা তদন্তে নামছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। প্রশ্ন ফাঁসের ঘটনা খতিয়ে দেখতে দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। অধিদফতর জনকণ্ঠের প্রতিবেদনের তথ্য গ্রহণ করে বলেছেন, এ অবস্থায় বিষয়টি তদন্ত করার জন্য সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

জানা গেছে, তদন্ত করার জন্য অধিদফতরের উপ-পরিচালক (কলেজ-২) মেজবাহ উদ্দিন সরকার ও সহকারী পরিচালক (কলেজ ও প্রশাসন) আশেকুল হককে দায়িত্ব